'শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্প
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষাভবন, ঢাকা।

স্মারক নং-এইচএসএসপি/মাঠ পর্যায়ে উঃ বৃঃ/০৯/১৫/ ১৬০ (৪৯০) তারিখ : ১১.০৩.২০১৯ খ্রি.

বিষয় : ২০১৭-১৮ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি, পরীক্ষার ফরমপূরণ ফিস এবং টিউশন ফিস প্রদানের লক্ষ্যে শিক্ষার্থী তথ্য হালানাগাদকরণ।

মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরের বাস্তবায়নাধীন উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থী যারা দ্বাদশ শ্রেণিতে অধ্যয়ন শেষে ২০১৯ সালের এইচএসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদের উপবৃত্তি, পরীক্ষার ফরম পূরণ ফিস এবং টিউশন ফিস প্রদানের লক্ষ্যে সংযুক্ত নিয়মাবলী/গাইডলাইন মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের Software এ শিক্ষার্থীদের তথ্য আগামী ২৭.০৩.২০১৯ তারিখের মধ্যে হালনাগাদকরণের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে Software এ তথ্য হালনাগাদ করা না হলে এবং সে কারণে শিক্ষার্থী উপবৃত্তি থেকে বঞ্চিত হলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দায়ি থাকবেন।

১১.০৩.১৯

(মুহঃ মাহবুবর রহমান)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
☏ ০২-৯৫৭৫৮০৪

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/মেট্রো লিয়াজোঁ অফিসার
উপজেলা/মেট্রো :
জেলা :

স্মারক নং-এইচএসএসপি/মাঠ পর্যায়ে উঃ বৃঃ/০৯/১৫/ ১৬০ (৪৯০-৭৫০০) তারিখ : ১১.০৩.২০১৯ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক (প: ও উ:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। অধ্যক্ষ (সকল)।
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৬। সহকারী প্রকল্প পরিচালক এবং প্রকল্প কর্মকর্তা (সকল), এইচএসএসপি (নির্দিষ্ট সময়ের মধ্যে দায়িত্বপ্রাপ্ত বিভাগের তথ্য এন্ট্রির বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)
৭। জেলা শিক্ষা অফিসার (সকল)। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের প্রয়োজনীয় নির্দেশনা এবং কার্যক্রম মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।
৮। উপমহাব্যবস্থাপক (পিসিএমডি), অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, দিলকুশা, ঢাকা।
৯। হেড অব ফিনান্সিয়াল ইনক্লুশন ডিভিশন, ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড, গুলশান, ঢাকা।
১০। সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। অফিস কপি।

১১.০৩.১৯

(শাহানাজ পারভীন কাজল)
সহকারী প্রকল্প পরিচালক
☏ ০২-৯৫১৪৩৯৪

C:\Users\hssp\Documents\Documents\Bank Letter\Others Letter.doc # 139

# ২০১৭-১৮ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের তথ্য হালনাগাদকরণের নিয়মাবলী :

১। উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের ওয়েবসাইট www.hssp.gov.bd তে Login করতে হবে।

২। Login করার পরে ওয়েবসাইটের হোমপেজ আসবে। এই পেজের বামপার্শ্বে Important link এর উপরে HSSP Software এ ক্লিক করলে একটি পেজ আসবে, যেখানে লেখা থাকবে Enter User ID এবং Enter Possword.

৩। প্রকল্প হতে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানকে যে User ID এবং Enter Possword দেয়া হয়েছে সেই User ID এবং Enter Possword দিয়ে Login এ ক্লিক করলে একটি পেজ আসবে।

৪। পেজে উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের তিনটি তথ্য আসবে এবং এর নিচে ৪ টি তথ্য প্রদানের জন্য ঘর দেয়া থাকবে। যেমন :

| | |
|---|---|
| Institute ID | দেয়া থাকবে |
| hssp Code | দেয়া থাকবে |
| College Name | দেয়া থাকবে |
| Principal Name | প্রতিষ্ঠান প্রধানের নাম |
| Principal Mobile No | ব্যবহৃত মোবাইল নম্বর |
| College e-mail | সঠিক ই-মেইল আইডি |
| A/C No of Agrani Bank | অনলাইন একাউন্ট নম্বর |

উপরে ৪টি খালি ঘরের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সঠিক তথ্যগুলি পূরণের পরে Proceed এ ক্লিক করতে হইবে।

বি: দ্র: সরকারি প্রতিষ্ঠানের জন্য অগ্রণী ব্যাংকের একাউন্ট নম্বর প্রদান বাধ্যতামূলক নয়। কিন্তু ঘরটি খালি রাখলে তথ্য প্রদানে সমস্যা হতে পারে বিধায় উক্ত সরকারি প্রতিষ্ঠানের কোন ব্যাংকের অনলাইন হিসাব নম্বর বসাতে হবে। তবে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য টিউশন ফিস গ্রহণের লক্ষ্যে অগ্রণী ব্যাংকের একাউন্ট নম্বর (অনলাইন ব্যাংকিং) অবশ্যই প্রদান করতে হবে। চলতি অর্থবছরে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের টিউশন ফিসের অর্থ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অগ্রণী ব্যাংকের একাউন্ট নম্বরে প্রকল্প হতে সরাসরি প্রেরণ করা হবে।

৫। Proceed এ ক্লিকের পরে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মূল পৃষ্ঠা আসবে।

৬। মূল পৃষ্ঠা হতে 'শিক্ষার্থী তালিকায়' ক্লিক করতে হবে।

৭। যে পেজ আসবে সেখান থেকে-

ক) শিক্ষাবর্ষ থেকে ডানে ড্রপডাউন বাটনে (▼) ক্লিক করে ২০১৭-১৮ শিক্ষাবর্ষ সিলেক্ট করতে হবে;
খ) শ্রেণি থেকে ডানে ড্রপডাউন বাটনে (▼) ক্লিক করে দ্বাদশ শ্রেণি সিলেক্ট করতে হবে এবং
গ) এইচ.এস.সি/সমমান গ্রুপ থেকে ডানে ড্রপডাউন বাটনে (▼) ক্লিক করে 'সমস্ত' সিলেক্ট করার পরে Search বাটনে ক্লিক করলে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের তালিকা আসবে।

৮। দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের তালিকায় বৈবাহিক অবস্থা এবং এইচএসসি ফরম পূরণ করেছে কিনা এ দুটি ঘরের ড্রপ ডাউন বাটন (▼) হতে প্রযোজ্যটি সিলেক্ট করতে হবে। যেমন-বৈবাহিক অবস্থা হতে ড্রপডাউন (▼) বাটনে গিয়ে Unmarried/অবিবাহিত অথবা Married/বিবাহিত যেটি প্রযোজ্য সেটি সিলেক্ট করতে হবে এবং এইচ.এস.সি ফরম পূরণ করেছে কিনা ড্রপডাউন (▼) বাটনে গিয়ে Yes/হ্যা অথবা No/না যেটি যেটি প্রযোজ্য সেটি সিলেক্ট করতে হবে।

৯। সকল শিক্ষার্থীর সঠিক তথ্য সিলেক্ট করার পরে তালিকার উপরের ডানে অবস্থিত Update বাটনে ক্লিক করতে হবে।

১০। এরপর Record Updated Successfully আসলে Ok ক্লিক করলে সকল শিক্ষার্থীর তথ্য এক ক্লিকেই প্রদান করা হয়ে যাবে।

২১.০৩.২০১৭

(শ.ম সাইফুল আলম)
উপপ্রকল্প পরিচালক

C:\Users\hssp\Documents\Documents\Bank Letter\Others Letter.doc # 140